

# ফরমপূরণ বিজ্ঞপ্তি

কলেজ কোড-২৩০৯

“সঠিক নিয়মে মাস্ক পরি, স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করি”

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের ৩য় বর্ষ ডিগ্রী পাস পরীক্ষায় ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীগণকে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ফরমপূরণ কার্যক্রম অনুষ্ঠিত হবে। উল্লেখ থাকে যে, ফরমপূরণে ফি রকেটের মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

মোবাইল ব্যাংকিং রকেটে টাকা জমাদানের তারিখ	অনলাইনে ফরমপূরণের ফরম এর প্রিন্ট কপি জমাদানের তারিখ
২৫/০৬/২০২৪ থেকে ২৭/০৬/২০২৪ তারিখ পর্যন্ত	২৭/০৬/২০২৪ থেকে ২৫/০৬/২০২৪ তারিখ পর্যন্ত

## রকেটের বিলার আইডি 3474

রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে টাকা পেমেন্ট করতে হবে।

রকেটে টাকা জমাদানের পদ্ধতি পরবর্তী পৃষ্ঠায় বিস্তারিত দেওয়া হয়েছে।

নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ফরমপূরণ ও সেশন ফি বিভাগওয়ারী :

বিভাগসমূহ	টাকার পরিমান
নিয়মিত/অনিয়মিত (বিএ/বিএসএস)	৪,৯০৯/-
নিয়মিত/অনিয়মিত ( বিবিএস)	৪,৫০৯/-
নিয়মিত/অনিয়মিত (বিএসসি)	৫,৫০৯/-

**বিঃদ্র:**Conditional Promoted(C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফি এর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি= ফরমে উল্লেখিত টাকা +৫০০ টাকা।

২০১৫-১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীর ফি= ফরমে উল্লেখিত টাকা +৫০০ টাকা।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফি-এর হার:

১। ব্যবহারিক ছাড়া : (কেন্দ্র ফি ৪৫০+ব্যবস্থাপনা ফি ৫০)=৫০০/- + ফরমে উল্লেখিত টাকা।

২। ব্যবহারিকসহ : (কেন্দ্র ফি ৪৫০+ব্যবহারিক কেন্দ্র ফি ১৫০+ ব্যবস্থাপনা ফি ৫০)=৬৫০/- + ফরমে উল্লেখিত টাকা।

প্রয়োজনীয় কাগজপত্রঃ ১। অন-লাইনের প্রিন্টকৃত আবেদন ফরম-১টি। ২। রেজি:কার্ডের ফটোকপি-১টি।

৩। পাসপোর্ট সাইজ ছবি-২ কপি। ৪। মানউন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য ফলাফলের কপি জমা দিতে হবে।

১১/০৬/২০২৪

অধ্যক্ষ

আব্দুলপুর সরকারি কলেজ, নাটোর।

১১/০৬/২০২৪

আহবায়ক

২০২২ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ ফরমপূরণ কমিটি

আব্দুলপুর সরকারি কলেজ, নাটোর।

আব্দুলপুর সরকারি কলেজ, নাটোর- এ ২০২২ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ ফরমপূরনের  
ফি মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে জমাদানের পদ্ধতিঃ

Biller ID= 3474

Bill Number= শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নাম্বার

রকেট এর মাধ্যমে ফরমপূরন ও সেশন ফি জমাদানের ধাপসমূহ

**USSD ডায়াল সিস্টেম বা ম্যানুয়াল পদ্ধতি:**

ধাপ-১ : ডায়াল \*৩২২#

ধাপ-২ : Bills Pay অপশন সিলেক্ট করার জন্য reply বা Answer এ গিয়ে 1 চাপুন।

ধাপ-৩ : Self হলে 1 চাপুন এবং Other হলে 2 চাপুন Other সিলেক্ট করলে মোবাইল নাম্বার প্রবেশ করাতে হবে এবং এই মোবাইল এ ট্রান্সমিশন মেসেজ যাবে।

ধাপ-৪ : পুনরায় ০ (জিরো) ডায়াল করে Other অপশন এ যেতে হবে।

ধাপ-৫ : Enter Biller ID এর স্থলে 3474 টাইপ করতে হবে।

ধাপ-৬ : Enter Bill Number এর স্থলে শিক্ষার্থী অবশ্যই তার রেজিস্ট্রেশন নাম্বার টাইপ করতে হবে।

ধাপ-৭ : Enter Amount এর স্থলে বিএ/বিএসএস এর জন্য =৪,৯০৯/- টাকা, বিবিএস এর জন্য =৪,৫০৯/- টাকা এবং বিএসসি এর জন্য =৫,৫০৯/- টাকা গ্রেড উন্নয়ন/মান উন্নয়ন পরীক্ষার্থীর জন্য ব্যবহারিক ছাড়া ৫০০+ ফরমে উল্লেখিত টাকা এবং ব্যবহারিকসহ ৬৫০+ ফরমে উল্লেখিত টাকা টাইপ করতে হবে।

ধাপ-৮ : Enter Your 4-digit PIN এর স্থলে রকেট একাউন্ট এর 4 সংখ্যার পিন বসাতে হবে।

ধাপ-৯ : রকেট কর্তৃক ১৬২১৬ থেকে একটি কনফার্মেশন এসএমএস আসবে। এসএমএসটি সংরক্ষণ করে রাখবেন।

**Apps মাধ্যমে পেমেন্ট করার নিয়ম:**

ধাপ-১ : আপনার মোবাইল এ রকেট Apps এ লগ-ইন করুন।

ধাপ-২ : Bills Pay অপশন সিলেক্ট করুন।

ধাপ-৩ : Search Biller এ 3474 লিখুন এবং Abdulpur Govt. College, Natore চাপ দিন বা সিলেক্ট করুন।

ধাপ-৪ : নতুন একটি পেডজ ওপেন হবে এবং সেখানে Biller ID 3474 এবং Biller Name হিসাবে Abdulpur Govt. College, Natore দেখাবে। Bill Number এর স্থলে শিক্ষার্থী অবশ্যই তার রেজিস্ট্রেশন নাম্বার টাইপ করতে হবে।

ধাপ-৫ : Pay For এর ঘরে Self এবং Other সিলেক্ট করতে হবে। Other সিলেক্ট করলে অবশ্যই বেনিফিশিয়ারি মোবাইল নাম্বার প্রবেশ করাতে হবে। এখানে যে নাম্বার টি প্রবেশ করানো হবে তাতে পেমেন্ট সংক্রান্ত মেসেজ যাবে।

ধাপ-৬ : Enter Amount এর স্থলে বিএ/বিএসএস এর জন্য =৪,৯০৯/- টাকা, বিবিএস এর জন্য =৪,৫০৯/- টাকা এবং বিএসসি এর জন্য =৫,৫০৯/- টাকা গ্রেড উন্নয়ন/মান উন্নয়ন পরীক্ষার্থীর জন্য ব্যবহারিক ছাড়া ৫০০+ ফরমে উল্লেখিত টাকা এবং ব্যবহারিকসহ ৬৫০+ ফরমে উল্লেখিত টাকা টাইপ করতে হবে।

ধাপ-৭ : পেমেন্ট সংক্রান্ত সামারি পেজ আসবে এবং তা চেক করবেন। সঠিক হলে আপনার রকেট একাউন্ট এর PIN নাম্বার দিবেন এবং নিচের বাটন tap করে hold করবেন।

ধাপ-৮ : আপনার পেমেন্ট সংক্রান্ত মেসেজ ১৬২১৬ থেকে আসবে এবং তা সংরক্ষণ করে রাখবেন এবং আপনার পেমেন্ট সংক্রান্ত কার্যক্রম সম্পূর্ণ হবে।